# AKASHVANI KOLKATA
## Regional News Unit

**Date: 27.05.2026** **Time: 1-40 PM**

**<u>বিশেষ বিশেষ খবরঃ–</u>**

১/ বিহার সহ অন্যান্য রাজ্যে SIR প্রক্রিয়া নিয়ে নির্বাচন কমিশনের সিদ্ধান্তকে, সুপ্রীম কোর্ট বহাল রেখেছে।

২/ মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, আজ লোকভবনে রাজ্যপাল রবীন্দ্র নারায়ন রবির সঙ্গে সাক্ষাৎ করে আইনশৃঙ্খলা সহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেছেন।

৩/ মহিলাদের সামাজিক সুরক্ষা প্রকল্প 'অন্নপূর্ণা ভান্ডার'-এর রূপায়ণ নিয়ে আজ বৈঠকে বসতে চলেছে রাজ্য সরকার ।

৪/ অনুপ্রবেশকারীদের বিরুদ্ধে রাজ্য সরকার কড়া অবস্থান নেওয়ার প্রেক্ষিতে, বাংলাদেশীদের ভিড় বাড়ছে, উত্তর ২৪ পরগনার হাকিমপুর সীমান্তে।

৫/ অনুকূল বায়ু প্রবাহ এবং বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায়, দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় আজ বৃষ্টির সম্ভাবনা।

*********************************************************************

বিহার সহ অন্যান্য রাজ্যে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন -SIR, নিয়ে নির্বাচন কমিশনের সিদ্ধান্তকে, সুপ্রীম কোর্ট বহাল রেখেছে। ভারতের প্রধান বিচারপতি সূর্যকান্ত ও বিচারপতি জয়মাল্য বাগচীর ডিভিশন বেঞ্চ, আজ তাদের রায়ে বলেছে, ভোটার তালিকায় সাধারণ সংশোধনের থেকে এর প্রক্রিয়া পৃথক হওয়ার জন্য, এটিকে বেআইনি বলা যাবে না। সুপ্রীম কোর্ট SIR-কে সম্পূর্ণভাবে আইনসম্মত এবং সাংবিধানিক বলে অভিহিত করেছে। আদালত বলেছে, ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনের সাংবিধানিক ক্ষমতা নির্বাচন কমিশনের রয়েছে।

বিহারে ২০২৫-এর জুন মাসে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনের বিজ্ঞপ্তিকে চ্যালেঞ্জ জানিয়ে যে রিট আবেদন জানানো হয়েছিল, তারই প্রেক্ষিতে আদালত বলেছে, অবাধ নির্বাচন নিশ্চিত করতে নির্বাচন কমিশন ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন প্রক্রিয়া চালাতে পারে।

*************************************************************

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, আজ লোকভবনে রাজ্যপাল রবীন্দ্র নারায়ন রবির সঙ্গে সাক্ষাৎ করেছেন। মন্ত্রিসভার সম্প্রসারণ, রাজ্য বিধানসভায় আসন্ন বাজেট অধিবেশনের মতো বিষয় নিয়ে তাঁদের মধ্যে আলোচনা হতে পারে বলে মনে করা হচ্ছে।

আগামী মাসের গোড়া থেকেই মন্ত্রিসভার সম্প্রসারণের সম্ভাবনা।

*************************************************************

মহিলাদের সামাজিক সুরক্ষা প্রকল্প 'অন্নপূর্ণা ভান্ডার'-এর রূপায়ণ নিয়ে রাজ্য সরকার আজ বৈঠকে বসতে চলেছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর পৌরোহিত্যে নবান্নে প্রস্তাবিত ওই বৈঠকে, নারী-শিশু বিকাশ ও সমাজকল্যাণ মন্ত্রী অগ্নিমিত্রা পাল ছাড়াও, বিভিন্ন দপ্তরের শীর্ষ আধিকারিকরা উপস্থিত থাকবেন। দুপুর তিনটে নাগাদ, এই বৈঠক হওয়ার কথা।

উল্লেখ্য, এই প্রকল্পে রাজ্য সরকার ভোটার তালিকায় নাম থাকা মহিলাদের প্রতিমাসে তিন হাজার টাকা করে সরাসরি ব্যাঙ্ক অ্যাকাউন্টে দেবে বলে জানা গেছে।

গতকালই মুখ্যমন্ত্রী জানিয়েছিলেন, আজ আনুষ্ঠানিকভাবে অন্নপূর্ণা ভান্ডারের ফর্ম প্রকাশ করা হবে। অফলাইনের পাশাপাশি অনলাইনেও পূরণ করা যাবে ফর্ম। যত দিন না এই প্রকল্পের মাধ্যমে টাকা দেওয়া শুরু হচ্ছে, তত দিন পর্যন্ত উপভোক্তারা 'লক্ষ্মীর ভান্ডার'-এর টাকা পাবেন।

( বাইট- শুভেন্দু- অন্নপূর্ণা )

আগামী সপ্তাহ থেকে 'আপনার সরকারকে বলুন'- নামে একটি নতুন কর্মসূচীর সূচনা হচ্ছে। এসংক্রান্ত বিস্তারিত তথ্য পরে জানানো হবে বলে শ্রী অধিকারী জানিয়েছেন।

*************************************************************

'বাংলার বাড়ি' প্রকল্পে দুর্নীতির অভিযোগে কড়া পদক্ষেপ নিচ্ছে বিজেপি সরকার। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নির্দেশে রাজ্য জুড়ে শুরু ওই প্রকল্পের উপভোক্তাদের পুনরায় যাচাই প্রক্রিয়া শুরু হচ্ছে। নবান্নে সমস্ত জেলাশাসকদের প্রকল্পের সুবিধাভোগীদের তালিকা খতিয়ে দেখার নির্দেশ দেওয়া হয়েছে। আগামী ৩০ মে-র মধ্যে এই যাচাই প্রক্রিয়া শেষ করার সময়সীমাও বেঁধে দেওয়া হয়েছে বলে নবান্নে প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে। তৃণমূল কংগ্রেস সরকারের আমলে বহু অযোগ্য ব্যক্তি এই প্রকল্পের সুবিধা পেয়েছেন বলে অভিযোগ। সেই কারণেই নতুন করে তদন্ত ও যাচাই শুরু করা হচ্ছে

প্রকৃত গরিব ও যোগ্য মানুষ যাতে সরকারি সুবিধা পান, তা নিশ্চিত করতেই এই পদক্ষেপ বলে দাবি সরকারের।

শুধু বাংলার বাড়ি নয়, আগের সরকারের আমলের একাধিক প্রকল্প নিয়েও দুর্নীতির অভিযোগ খতিয়ে দেখা শুরু হয়েছে। সোমবার নবান্নে বৈঠকে সরকারি স্কুলের পড়ুয়াদের ইউনিফর্মে নিম্নমানের কাপড় ব্যবহারের অভিযোগ নিয়েও ক্ষোভ প্রকাশ করেন মুখ্যমন্ত্রী। গোটা বিষয়ের বিস্তারিত রিপোর্টও তলব করা হয়েছে।

*******************************************************************

সুপ্রিম কোর্টে রাজ্য সরকারি কর্মচারীদের মহার্ঘভাতা সংক্রান্ত মামলার শুনানি চার সপ্তাহের জন্য পিছিয়ে দেওয়ার আর্জি জানিয়েছে নব গঠিত পশ্চিমবঙ্গ সরকার। বিচারপতি সঞ্জয় কারল ও বিচারপতি প্রশান্ত কুমার মিশ্রার বেঞ্চে আজ DA সংক্রান্ত মামলার শুনানি হওয়ার কথা। এদিকে, রাজ্যের নবনির্বাচিত মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আগামী পয়লা জুন DA নিয়ে রাজ্য সরকারি কর্মচারীদের বিভিন্ন সংগঠনের সঙ্গে বৈঠকে বসছেন। সে কথা জানিয়ে রাজ্যের পক্ষ থেকে শীর্ষ আদালতে এই মামলা পিছিয়ে দেওয়ার আবেদন জানানো হয়েছে।

*******************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে বিজেপি সরকার গত ১২ বছরে জনগণের স্বার্থে একাধিক প্রকল্পের সূচনা করেছে। **আবাস যোজনা**র আওতায় ঘর পেয়েছেন পূর্ব মেদিনীপুরের বাসিন্দা- শঙ্কর ছান্দগী। আকাশবাণীকে তিনি জানিয়েছেন, এর ফলে বিশেষভাবে উপকৃত হয়েছেন তিনি।

*******************************************************************

আজকের প্রসঙ্গের এবারের বিষয় ' তীব্র গরমে সুস্থ থাকুন, আয়ুর্বেদ উপচারে' । আয়ুর্বেদ বিশেষজ্ঞ এবং অখিল ভারতীয় আয়ুর্বেদ মহাসম্মেলনের রাজ্য সভাপতি ডাঃ সুমিত সুরের সঙ্গে কথা বলেছেন দিব্য দে। আজ শুনবেন প্রথম পর্ব ।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত সাড়ে ৯টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

*******************************************************************

উত্তর ২৪ পরগনার স্বরূপনগরের হাকিমপুর সীমান্ত এলাকায় আজও শতাধিক অবৈধ বাংলাদেশী অনুপ্রবেশকারীর ভিড়। সীমান্ত পেরনোর জন্য আসা এই সমস্ত অনুপ্রবেশকারীদের রাজ্য পুলিশ ও BSF-এর যৌথ উদ্যোগে তিনটি অস্থায়ী হোল্ডিং সেন্টারে নিয়ে যাওয়া হচ্ছে। প্রশাসন সূত্রে জানা গেছে, আইনি প্রক্রিয়া সম্পন্ন করার পর ধাপে ধাপে তাদের বাংলাদেশে ফেরত পাঠানো হবে।

*******************************************************************

ভারতে অনুপ্রবেশকারীদের জন্য কোনো জায়গা নেই বলে, রাজ্যের মন্ত্রী দিলীপ ঘোষ মন্তব্য করেছেন। আজ সকালে নিউটাউনে সাংবাদিকদের কাছে তিনি বলেন, অনুপ্রবেশকারীরা, ভুয়ো নথি বানিয়ে কেন্দ্রীয় সরকারের নানা প্রকল্পের সুযোগ সুবিধা ভোগ করছে। অবৈধভাবে ভারতে প্রবেশ করা এই সমস্ত মানুষ যদি স্বেচ্ছায় ফিরে যান, তবে সেটাই আদর্শ হবে বলে উল্লেখ করেন দিলীপবাবু।

******************************************************************

দক্ষিণ ২৪ পরগণার বারুইপুরের মল্লিকপুরে, দুই বাংলাদেশী নাগরিককে পাকড়াও করেছে পুলিশ। সফিকুল ইসলাম মোল্লা এবং তার স্ত্রী মনিরা বেগম, বাংলাদেশের যশোর জেলার মনিরামপুরের বাসিন্দা বলে জানা গেছে।

টাকার বিনিময়ে তাদের সীমান্ত পার করে দেওয়া হয়েছিল বলে জিজ্ঞাসাবাদের সময় ওই ব্যক্তিরা জানিয়েছেন। স্থানীয় তৃণমূল কংগ্রেসের পঞ্চায়েত সদস্য শাজাহান সর্দার তাদের আধার কার্ড বানিয়ে দেওয়ার নাম করে টাকা নিয়েছিল বলেও জানা গেছে।

গতকাল তাদের বারুইপুরের ‘হোল্ডিং সেন্টার’-এ পাঠানো হয়েছে।

******************************************************************

দক্ষিণ ২৪ পরগণার বিষ্ণুপুরের তৃণমূল কংগ্রেস বিধায়ক দিলীপ মন্ডলকে, ওড়িশার পুরী থেকে আটক করেছে পুলিশ। তাঁর বিরুদ্ধে হুমকি দেওয়া এবং হিংসায় মদতের অভিযোগ রয়েছে। গত ১৪’ই মে, দিলীপ মন্ডলের বাড়িতে তল্লাশি চালাতে যায় পুলিশ।

অভিযোগ, সেই সময় পুলিশকে ফাঁকি দিয়ে পালিয়ে যান বিধায়ক। এরপর থেকেই তাঁর খোজে তল্লাশি শুরু হয়। বিভিন্ন জায়গায় খোঁজ চালানোর পর বিশেষ সূত্রে STF, পুরীর একটি হোটেলের সন্ধান পায়। সেখান থেকেই তাঁকে আটক করা হয়।

******************************************************************

আবাস যোজনার ঘর দেবার নাম করে কয়েক লক্ষ টাকা প্রতারণার অভিযোগে, মুর্শিদাবাদের ইসলামপুর-চক গ্রাম পঞ্চায়েতের তৃণমূল কংগ্রেস প্রধানের স্বামীকে পুলিশ গ্রেপ্তার করেছে। একাধিক বাসিন্দা, সোহেল রানা নামে ওই ব্যক্তির বিরুদ্ধে থানায় অভিযোগ দায়ের করেছিলেন।

******************************************************************

দক্ষিণ ২৪ পরগণার ক্যানিং ১ ও ২ নম্বর ব্লকের সংযোগকারী মাতলা নদীর চর বেআইনিভাবে ভরাট করে ক্যাফে তৈরির অভিযোগ উঠেছে ক্যানিং পূর্বের প্রাক্তন বিধায়ক, শওকত মোল্লা ও তাঁর ছেলের বিরুদ্ধে। বিজেপির তরফে অভিযোগ করা হয়েছে দীর্ঘদিন ধরে এই দুর্নীতি চললেও প্রশাসন কোনো পদক্ষেপ নেয়নি। বিঘার পর বিঘা নদীর চরে বেআইনিভাবে মাটি ভরাট করা হয়েছে। কাটা হয়েছে ম্যানগ্রোভও। অবিলম্বে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি জানানো হয়েছে।

******************************************************************

বেসরকারি বাস মালিক সংগঠন জয়েন্ট কাউন্সিল অফ বাস সিন্ডিকেট, অবিলম্বে বেসরকারি বাসের ভাড়া বৃদ্ধির দাবি জানিয়েছে।

এক ভিডিও বার্তায় সংগঠনের সাধারণ সম্পাদক তপন বন্দ্যোপাধ্যায় বলেন, দীর্ঘদিন বাসের ভাড়া বাড়েনি, অথচ ডিজেলের দাম লাগাতার বৃদ্ধি পেয়েছে। এব্যাপারে তিনি মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর হস্তক্ষেপ দাবি করেছেন।

*****************************************************************

অনুকূল বায়ু প্রবাহ এবং বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায় দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় আজ বৃষ্টির সম্ভাবনা। কলকাতা ও পার্শ্ববর্তী এলাকাতেও বৃষ্টি হতে পারে। বীরভূম, নদিয়া, মুর্শিদাবাদ, পূর্ব ও পশ্চিম বর্ধমান জেলায় আজ ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া ও বজ্রবিদ্যুৎসহ বৃষ্টির কমলা সর্তকতা রয়েছে।

আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডক্টর হাবিবুর রহমান বিশ্বাস এই তথ্য জানিয়েছেন। ( বাইট-হাবিবুর )

*****************************************************************